গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ এপ্রিল ১৯৯৭/২রা বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৩/৯৭/১০১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বি টি এম সি-এর মিলসমূহে অস্বাভাবিক লোকসানের কারণ অনুসন্ধানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

চেয়ারম্যান

(১) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) প্রতিমন্ত্রী, বস্ত্র মন্ত্রণালয়

(৩) জনাব এস, এম, আকরাম, সংসদ সদস্য, নারায়ণগঞ্জ-৫

(৪) কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

(৫) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সচিব, বস্ত্র মন্ত্রণালয়

(৮) সভাপতি , এফ বি সি সি আই

সদস্য-সচিব

(৯) চেয়ারম্যান, বাবশিক

(খ) কমিটির কার্যপরিধি ঃ

(১) কমিটি ১৯৯১-৯৬ সময়কালে বিটিএমসি'র অস্বাভাবিক লোকসানের কারণসমূহ অনুসন্ধান করিবে।

(২) লোকসানের জন্য দায়ী করা যায় এইরূপ কারণ, যেমন—বিটিএমসি'র ব্যবস্থাপনা দুর্বলতা (Management faults), উদ্দেশ্য প্রণোদিত সিদ্ধান্ত গ্রহণ, মন্ত্রণালয়ের আইনবহির্ভূত হস্তক্ষেপ, অসংগত বা উদ্দেশ্য প্রণোদিত নীতি অবলম্বন, অনিয়ম, স্বজনপ্রীতি, দুনীর্তি এবং সময়োপযোগী ব্যবস্থা গ্রহণে/শৃংখলা রক্ষণে ব্যর্থতা ইত্যাদি চিহ্নিতকরণ এবং দায়িত্ব নির্ধারণ করা।

২। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩। কমিটি ৮ (আট) সপ্তাহের মধ্যে ইহার তদন্তকার্য সমাপন করিয়া সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০শে এপ্রিল ১৯৯৭/৭ই বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৭/১০৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের পররাষ্ট্র নীতি অধিকতর বাস্তবানুগ ও ফলপ্রসু করার লক্ষ্যে নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) প্রধানমন্ত্রী

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, বানিজ্য এবং শিল্প মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৭) মন্ত্রী, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়

(খ) সহায়তাদানকারী কর্মকর্তা ঃ

(১) মন্ত্রীপরিষদ সচিব

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৪) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৫) সচিব, অর্থ বিভাগ

(৬) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৭) সংশ্লিষ্ট সচিব

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) দেশের বৈদেশিক নীতি ও বৈদেশিক সম্পর্ক সংক্রান্ত বিষয়াবলী বিবেচনা।

(২) রাজনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে দ্বি-পাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক সম্পর্কের বিষয়াদি বিবেচনা।

(৩) বৈদেশিক সম্পর্কের সহিত সংশ্লিষ্ট নিরাপত্তা বিষয় মূল্যায়ন।

(৪) বিদেশে বাংলাদেশের অর্থনৈতিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়।

২। পররাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩রা মে ১৯৯৭/ ২০শে বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৭/১১৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) পরিষদ গঠন ঃ

সভাপতি

(১) প্রধানমন্ত্রী

সদস্য

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

সহ-সভাপতি

(৩) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
(৭) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
(৮) মন্ত্রী, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়
(৯) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(১০) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(১১) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
(১২-১৭) ৬ বিভাগের ৬ জন সংসদ সদস্য (মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হইবেন)
(১৮) মন্ত্রীপরিষদ সচিব
(১৯) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(২০) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(২১) সচিব, শিল্প মন্ত্রণালয়
(২২) সচিব, পরিকল্পণা মন্ত্রণালয়
(২৩) সচিব, অর্থ বিভাগ
(২৪) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
(২৫) সচিব, কৃষি মন্ত্রণালয়
(২৬) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(২৭) সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
(২৮) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(২৯) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৩০) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩১) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
(৩২) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
(৩৩) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(৩৪) চেয়ারম্যান, বাংলাদেশ ক মেডিক্যাল রিসার্চ কাউন্সিল
(৩৫-৩৭) ৩ জন প্রখ্যাত বিজ্ঞানী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হইবেন
(৩৮) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(৩৯) উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(৪০) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
(৪১) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
(৪২) উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়
(৪৩) উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়

**(খ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়নে দিক নির্দেশনা এবং পরিকল্পনা বাস্তবায়নে সমন্বয় সাধন;

(২) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ এবং তজ্জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ;

(৩) বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের মান, কার্যকারিতা, মূল্যায়ন ও সমন্বয় সাধন এবং গবেষণালব্ধ ফলাফলের ব্যবহারিক প্রয়োগের স্বার্থকতা নিরূপনের ব্যবস্থা গ্রহণ;

(৪) বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন সংক্রান্ত অন্যান্য প্রাসংগিক বিষয়াবলী।

২। এই জাতীয় পরিষদ প্রতি ৬ মাসে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে।

৩। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এই পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের ৬-১১-৯১ তারিখের ৪(৪)/৯০/২৩০-কমিটি নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩রা মে ১৯৯৭/ ২০শে বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৯/৯৭/১১৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে 'বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ এর নির্বাহী কমিটি' পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **নির্বাহী কমিটির গঠন ঃ**

**সভাপতি**

(১) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(৩) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন
(৪) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৫) সচিব, শিল্প মন্ত্রণালয়
(৬) সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়
(৭) সচিব, অর্থ বিভাগ
(৮) সচিব, কৃষি মন্ত্রণালয়
(৯) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(১০) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(১১) সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
(১২) সচিব, পাট মন্ত্রণালয়
(১৩) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(১৪) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(১৫) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(১৬) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
(১৭) চেয়ারম্যান বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
(১৮) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(১৯) পরিচালক, ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(২০) প্রেসিডেন্ট ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ

(খ) **নির্বাহী কমিটির কার্যপরিধিঃ**

নির্বাহী কমিটি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদকে নিম্নলিখিত বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান করিবে ঃ

(১) দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন সেক্টরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক একটি প্রযুক্তি পরিকল্পনা প্রণয়নে দিক নির্দেশনা ;

(২) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন;

(৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি বাস্তবায়নে উদ্ভূত বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ এবং উহার সমাধানে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(৫) ক্রমিক নং ১-৪ এ বর্ণিত বিষয়সমূহের একটি বার্ষিক প্রতিবেদন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদে পেশ করা।

২। এই নির্বাহী কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩। এই নির্বাহী কমিটি ন্যূনপক্ষে বৎসরে দুইবার বৈঠকে মিলিত হইবে।

৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৫। মন্ত্রিপরিষদ বিভাগের ৬-১১-৯১ তারিখের ৪ (৩)/৯০/২৩১-কমিটি নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ঠা মে ১৯৯৭/ ২১শে বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১২/৯৭/১১৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি' পুনর্গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) প্রধানমন্ত্রী

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়
(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
(৪) মন্ত্রী, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয়
(৫) মন্ত্রী, বিদ্যু, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
(৬) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(৭) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(৮) মন্ত্রী/প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়
(৯) মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিকল্পনা এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
(১০) মন্ত্রিপরিষদ সচিব
(১১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(১২) সেনাবাহিনী প্রধান
(১৩) নৌ-বাহিনী প্রধান
(১৪) বিমান বাহিনী প্রধান
(১৫) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
(১৬) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
(১৭) সচিব, অর্থ বিভাগ
(১৮) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(১৯) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(২০) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
(২১) মহা-পরিচালক, এন, এস, আই
(২২) মহা-পরিচালক, ফোর্সেস ইন্টেলিজেন্স
(২৩) মহা-পুলিশ পরিদর্শক
(২৪) মহা-পরিচালক, বাংলাদেশ রাইফেলস

**(খ) কমিটির কার্যপরিধিঃ**

(১) দেশের নিরাপত্তা এবং প্রতিরক্ষা সংক্রান্ত যাবতীয় সমস্যাবলী ও কার্যক্রমের পুনরীক্ষণ।

(২) দেশের অভ্যন্তরীণ নিরাপত্তাজনিত পরিস্থিতির মূল্যায়ন ও পুনরীক্ষণ।

(৩) দেশের নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদির উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান এবং প্রয়োজনবোধে মন্ত্রিসভার জন্য সুপারিশ প্রণয়ন।

(৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২। কমিটি প্রয়োজনানুসারে বৈঠকে মিলিত হইবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের ১৯-২-৯২ তারিখের ৪ (২)/৯২/৩০-কমিটি নম্বর প্রজ্ঞাপনে গঠিত নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি এতদ্বার বাতিল করা হইল।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ই মে ১৯৯৭/ ২৫শে বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৭/৯৬/১২৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কারা সংস্কার কমিশনের সুপারিশসহ কারা সংস্কারের অন্যান্য কর্মসূচী পরীক্ষা-নিরীক্ষা করিয়া বাস্তবায়নের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপভাবে "কারা সংস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি" পুনর্গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৬) প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(৩) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৪) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৫) সচিব, অর্থ বিভাগ

(৬) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৭) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**(গ) কমিটির কার্যপরিধিঃ**

(১) ১৯৮০ সালের কারা সংস্কার কমিশনের সুপারিশসমূহ এবং কারা সংস্কার সংক্রান্ত অন্যান্য কর্মসূচী পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বর্তমান অবস্থার নিরিখে তাহা বাস্তবায়নের জন্য সুপারিশ প্রণয়ন এবং ঐগুলির বাস্তবায়ন তদারকী;

(২) কমিটি কর্তৃক নির্ধারিত অগ্রাধিকারের ভিত্তিতে কারা সংস্কার কমিশনের সুপারিশমালা পর্যায়ক্রম বাস্তবায়নের জন্য গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে সুপারিশ;

(৩) কারার অভ্যন্তরে নির্মাণ প্রস্তাব পরীক্ষা ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উহার অন্তর্ভুক্তকরণ;

(৪) কারা সংস্কার কমিশনের সুপারিশমালা বাস্তবায়নে প্রয়োজনীয় বাৎসরিক বাজেটের সুপারিশ;

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-৬-৯২ তারিখের ৪ (১)/৯২/১২১-কমিটি নম্বর প্রজ্ঞাপনের পরিশিষ্ট 'ক'-এ গঠিত কারা সংস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এতদ্বারা বাতিল করা হইল।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ই মে ১৯৯৭/ ২৯শে বৈশাখ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৪/৯৭/১২৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে প্রশিক্ষণের সার্বিক মান উন্নয়নের উদ্দেশ্যে গৃহীতব্য পদক্ষেপের সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) জনাব আতাউল হক, মন্ত্রিপরিষদ সচিব

সদস্যবৃন্দ

(২) ডঃ একরাম হোসেন, রেক্টর, বিপিএটিসি

(৩) ডঃ সাদত হুসাইন, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(৪) জনাব মোঃ শহীদুল আলম, মহাপরিচালক, বিসিএস (প্রশাসন) একাডেমী

(৫) ডঃ আবদুল্লাহ্ আল মুতি শরফুদ্দিন, অবসরপ্রাপ্ত সচিব

(৬) জনাব এ, কে, এম আনিসুর রহমান, অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৭) জনাব শাহাবুদ্দিন মাহতাব, অর্থ উপদেষ্টা, দারুল ইহসান ইউনিভার্সিটি

(৮) ডঃ ইকরামুল আহসান, মহাপরিচালক, পাট গবেষণা ইনষ্টিটিউট

(৯) জনাব ইব্রাহিম খালেদ, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক

(১০) ডঃ সালেহ উদ্দিন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন

(১১) জনাব মোশাররফ হোসেন, উপাধ্যক্ষ, পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী

(১২) ডঃ নুরুল ইসলাম, পরিচালক/প্রফেসর, ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি

(১৩) জনাব মোস্তফা কামাল, পরিচালক (সাধারণ ব্যবস্থাপনা), বাংলাদেশ ব্যবস্থাপনা উন্নয়ন কেন্দ্র

(১৪) জনাব মোশাররফ হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, র‍্যাপর্ট বাংলাদেশ

সদস্য-সচিব

(১৫) সৈয়দ নকীব মুসলিম, উপ-পরিচালক, বিসিএস (প্রশাসন) একাডেমী

২। কমিটি ২ (দুই) মাসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০শে মে ১৯৯৭/ ৬ই জ্যৈষ্ঠ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২/৯৭/১৩৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় সংসদ, ইহার কমিটিসমূহ এবং সংসদ সদস্যদের বিশেষ অধিকার ও ক্ষমতা প্রদান বিষয়ে মন্ত্রিসভায় পেশকৃত আইনের খসড়া বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করিবার জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়

(৬) প্রতিমন্ত্রী, পাট ও বস্ত্র মন্ত্রণালয়

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৫) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৬) অতিরিক্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়

**(গ) কমিটির কার্যপরিধিঃ**

(১) যুক্তরাজ্য ও ভারতসহ অন্যান্য দেশ যেখানে সংসদীয় সরকার ব্যবস্থা সুপ্রতিষ্ঠিত হইয়াছে ঐ সকল দেশে গ্রেফতার, অর্থদন্ড ও অন্যান্য শাস্তি প্রদান, শাস্তির মাত্রা, আইনের কপি মুদ্রণ ইত্যাদি বিষয়ে সংসদকে ক্ষমতা প্রদানের বিষয়ে কি ধরণের আইন বিদ্যমান রহিয়াছে তাহা পর্যালোচনা করা;

(২) সংসদ কর্তৃক কঠোর শাস্তি প্রদানের বিষয়টি বাস্তবতার নিরীখে কতটুকু যুক্তিযুক্ত উহা পর্যালোচনা করা; এবং

(৩) উপরোক্ত পর্যালোচনার আলোকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিসভায় পেশকৃত জাতীয় সংসদ (বিশেষ অধিকার ও ক্ষমতা) আইন, ১৯৯৭ এর খসড়াটি পরীক্ষা-নিরীক্ষা করিয়া উহার প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের সুপারিশ পেশ করা।

২। অত্র বিজ্ঞপ্তি জারীর ১০ দিনের মধ্যে কমিটি প্রথম বৈঠকে মিলিত হইবে।

৩। কমিটি ৩ মাসের মধ্যে ইহার প্রতিবেদন পেশ করিবে।

৪। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৫। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮ শে মে ১৯৯৭/ ১৪ই জ্যৈষ্ঠ ১৪০৪

নং মপবি/শাঃপঃ/মসকগ-৩/৯৭/১৩৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পঞ্চম ওয়েজবোর্ড কর্তৃক প্রদত্ত রোয়েদাদ পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) জনাব এ এস এইচ কে সাদেক, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) জনাব আবদুর রাজ্জাক, মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(৩) জনাব তোফায়েল আহমেদ, মন্ত্রী, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয়

(৪) মেজর (অবঃ) রফিকুল ইসলাম, বীর উত্তম,মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৫) জনাব মোহাম্মদ নাসিম, মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

(৬) জনাব মোঃ আবদুল মতিন খসরু, মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৭) ডঃ মহিউদ্দীন খান আলমগীর, প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) সচিব, অর্থ বিভাগ

(২) সচিব, তথ্য মন্ত্রণালয়

২। কমিটি আগামী ৭ই জুন, ১৯৯৭ তারিখের মধ্যে উহার সুপারিশ প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোন কর্মকর্তার সহায়তা গ্রহণ করিতে পারিবে।

৪। তথ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৫। তথ্য মন্ত্রণালয় কমিটিকে সুপারিশসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর সেই অনুসারে সংশোধিত আকারে রোয়েদাদটি জারী করিবে।

৬। কমিটির কার্যক্রম ১৮-৫-৯৭ তারিখ হইতে আরম্ভ হইয়াছে।

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ঠা জুন ১৯৯৭/ ২১শে জ্যৈষ্ঠ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৭/১৩৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৮-৪-৯৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৭/৯৬ নম্বর প্রজ্ঞাপনে পুনর্গঠিত জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের ১(ক) উপানুচ্ছেদআংশিক সংশোধন করিয়া পরিবেশ ও বন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীকে উক্ত কাউন্সিলের সদস্য হিসাবে অন্তভুক্ত করিয়াছে।

এম ইদ্রিস আলী
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ই জুলাই ১৯৯৭/ ২৯ শে আষাঢ় ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৪/৯৭/১৫৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিল্প ও সংস্কৃতি চর্চায় অপসংস্কৃতির অনুপ্রবেশ, ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার প্রবণতা, অশ্লীলতা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা ও সামাজিক মূল্যবোধের পরিপন্থী তৎপরতা রোধকল্পে বিদ্যমান নীতিমালা যুগোপযোগীকরণ বা সুষ্ঠু নূতন নীতিমালা প্রণয়ন এবং প্রয়োজনে দন্ড-বিধির যথাযথ সংশোধন বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৪) প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৫) সভাপতি, বাংলাদেশ স্থপতি ইন্সটিটিউট, সোনারতরী টাওয়ার, বাংলা মটর লিংক রোড, ঢাকা।

(৬) বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৭) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

(৮) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

(৯) শিল্পী হাসেম খান, চারুকলা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা।

(১০) ডঃ মুনতাসীর মামুন, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

১। ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে নির্মিতব্য 'স্বাধীনতা স্তম্ভ' এর নকশা প্রণয়নের জন্য পরিচালিত প্রতিযোগীতায় প্রাপ্ত নকশাসমূহের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী নির্বাচন করা।

২। স্থাপত্য অধিদপ্তর কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি ১ (এক) মাসের মধ্যে ইহার কার্য সম্পাদন করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ই জুন ১৯৯৭/ ২রা আষাঢ় ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৬/৯৭/১৪২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকারসমূহের নিকট সরকারের কি কি বিষয়/দপ্তর হস্তান্তর করা যায় তাহা নির্ধারণ করিবার জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রিপরিষদ সচিব

**সদস্যবৃন্দ**

(২) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(৩) সচিব, অর্থ বিভাগ

(৪) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৫) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

২। স্থানীয় সরকার বিভাগ এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৪শে জুন ১৯৯৭/ ১০ই আষাঢ় ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৭/৯৭/১৪৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেতন কমিশনের প্রতিবেদনের আলোকে সরকারী/স্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন কাঠামো পুনঃনিধারণের জন্য কমিশনের সুপারিশসমূহ পরীক্ষা করিয়া উপযুক্ত সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নিম্নোক্ত কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) জনাব আতাউল হক, মন্ত্রিপরিষদ সচিব

**সদস্যবৃন্দ**

(২) ডঃ এস, এ, সামাদ, মুখ্য-সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(৩) কাজী শামসুল আলম, সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন
(৪) কাজী মুহম্মদ মনজুরে মাওলা, সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
(৫) জনাব মোহাম্মদ ইনামুল হক, সচিব, রাষ্ট্রপতির কার্যালয়
(৬) ডঃ আকবর আলী খান, সচিব, অর্থ বিভাগ
(৭) জনাব মোঃ মাহে আলম, সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) পে-কমিশনের প্রতিবেদন পরীক্ষা করা;
(২) সরকারের আর্থিক অবস্থার সহিত সংগতি রাখিয়া পে-স্কেল সুপারিশ করা;
(৩) পে-স্কেল বাস্তবায়নের প্রক্রিয়া ( modalities) ও উহার আর্থিক সংশ্লেষ নির্ণয় করা; এবং
(৪) অন্যান্য প্রাসংগিক বিষয়।

২। কমিটি আগামী ৩০শে সেপ্টেম্বর, ১৯৯৭/১৫ই আশ্বিন, ১৪০৪ তারিখের মধ্যে অর্থ বিভাগের নিকট সুপারিশ পেশ করিবে।

৩। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। প্রয়োজনবোধে কমিটি যে কোন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০শে জুলাই ১৯৯৭/ ৫ই শ্রাবণ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬/১৬৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বাধীনতা স্তম্ভের স্থাপত্য ডিজাইন নির্বাচনকল্পে নিম্নোক্ত বিচারকমন্ডলী সমন্বয়ে একটি কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**সভাপতি**

(১) স্থপতি মাজহারুল ইসলাম, ৩, পরিবাগ, ঢাকা-১০০০।

**সদস্যবৃন্দ**

(২) প্রকৌশলী ডঃ জামিলুর রেজা চৌধুরী, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
(৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(৪) স্থপতি, রবিউল হুসাইন, ১৩৭, জাহানারা গার্ডেন, গ্রীণরোড, ঢাকা-১২১৫।

২। কমিটি প্রয়োজনবোধে যে কোন ব্যক্তিকে সদস্য হিসাবে কমিটিতে কো-অপ্ট করিতে পারিবে।

৩। কমিটি এক মাসের মধ্যে সুপারিশ প্রদান করিবে।

৪। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির সুপারিশ মন্তিসভা বৈঠকে উপস্থাপন করিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ই জুলাই ১৯৯৭/ ২৬শে আষাঢ় ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৯/৯৭/১৫৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন চট্টগ্রাম পরিবেশ উন্নয়ন প্রকল্পের "শেখ মুজিব রোড কালভার্ট নির্মাণ" উপাংশের চুক্তির মূল্য বৃদ্ধির বিষয়টি তদন্ত করিবার জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) প্রধানমন্ত্রীর সচিব

সদস্যবৃন্দ

(২) স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিম্নে নহে)

(৩) অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিম্নে নহে)

(৪) সড়ক ও রেলপথ বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিম্নে নহে)

(৫) বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিম্নে নহে)

(৬) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিম্নে নহে)

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) চুক্তির শর্ত অনুযায়ী দাবীকৃত অতিরিক্ত ব্যয়ের যৌক্তিকতা;

(২) পরামর্শক কর্তৃক প্ল্যান, ডিজাইন ও এস্টিমেট করার সময় এত অধিক কাজ বাকী রাখিবার কারণ;

(৩) পরামর্শকের কাজ অসম্পূর্ণ অবস্থায় সম্পূর্ণ পাওনা পরিশোধের কারণ;

(৪) প্রস্তাবিত বিষয়টি সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিলম্বে পেশ করার কারণ;

(৫) যে সকল সরকারী সংস্থা এই কাজ বিলম্বের জন্য দায়ী তাহাদের দায়িত্ব নির্ধারণ।

২। কমিটি ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৩। স্থানীয় সরকার বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ই আগষ্ট ১৯৯৭/ ৩রা ভাদ্র ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৫/৯৭/১৯০**—জিএসপি সুবিধা বিষয়ে উদ্ভূত পরিস্থিতি ও সংশ্লিষ্ট বিষয়াদি পর্যালোচনা করিয়া যৌক্তিক ও বাস্তবানুগ পদক্ষেপ গ্রহণের সুপারিশ বষয়ে প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৪) প্রতিমন্ত্রী, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়

২। কমিটি বৈঠকে মিলিত হইবার এক মাসের মধ্যে উহার সুপারিশ প্রণয়ন করিবে।

৩। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ই আগস্ট ১৯৯৭/২রা ভাদ্র ১৪০৪

নং মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১৮৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১০৪ নম্বর প্রজ্ঞাপনে পুনর্গঠিত জাতীয় পানি সম্পদ পরিষদের ১(ক) অনুচ্ছেদ আংশিক সংশোধনপূর্বক মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং সচিব, স্থানীয় সরকার বিভাগকে উক্ত পরিষদের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ই আগস্ট ১৯৯৭/২রা ভাদ্র ১৪০৪

নং মপবি/শাঃপঃ/কপগ-২২/৯৭/১৮৫—বিভিন্ন গার্মেন্টস শিল্পে বিবিধ দুর্ঘটনা রোধকল্পে এবং দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকগণকে পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রী, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

(৪) প্রতিমন্ত্রী, বস্ত্র মন্ত্রণালয় এবং পাট মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

২। কমিটি প্রথম বৈঠকে মিলিত হইবার এক মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৩। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। বাণিজ্য মন্ত্রণালয় কমিটির সুপারিশে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা বৈঠকে পেশ করিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে আগস্ট ১৯৯৭/১১ই ভাদ্র ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-২৩/৯৭/১৯৫**—দেশে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মিটানো এবং বিরাজমান বিদ্যুৎ সংকট কাটানোর লক্ষ্যে বেসরকারী খাতে প্রস্তাবিত ৪টি বার্জ মাউন্টেড পাওয়ার প্লান্ট স্থাপনের যে প্রস্তাব করা হইয়াছে তাহা বাস্তবায়নের পর উদ্যোগী কোম্পানীসমূহ কর্তৃক মুনাফা ও মুলধন বৈদেশিক মুদ্রায় Repatriation-এর ফলে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের উপর কিরূপ প্রভাব পড়িবে তাহা পরীক্ষা করিয়া প্রতিবেদন পেশ করিবার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) অর্থ সচিব

**সদস্যবৃন্দ**

(২) সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ মন্ত্রণালয়

(৩) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

২। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ই সেপ্টেম্বর ১৯৯৭/১লা আশ্বিন ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬/২০২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২০-৭-৯৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬-১৬৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত স্বাধীনতা স্তম্ভের স্থাপত্য ডিজাইন নির্বাচন কমিটির কার্য সম্পাদনের সময়সীমা ২১-১০-৯৭ তারিখ পর্যন্ত বর্ধিত করিয়াছে।

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ই অক্টোবর ১৯৯৭/২১শে আশ্বিন ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৬/২০৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে 'জ্বালানী ও খনিজ সম্পদ সংক্রান্ত জাতীয় পরিষদ' পুনর্গঠন করিয়াছে ঃ—

(ক) **পরিষদের গঠন ঃ**

সভাপতি

(১) প্রধানমন্ত্রী

সদস্য

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

সহ-সভাপতি

(৩) মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(৪) প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা

(৫) প্রতিমন্ত্রী, পরিকল্পনা এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

(৬) প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৭) মন্ত্রিপরিষদ সচিব

(৮) সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

(৯) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(১০) ডঃ সিএস করিম, পরিচালক, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

(১১) জনাব আমির হোসেন আমু, প্রেসিডিয়াম সদস্য, আওয়ামী লীগ

(১২) জ্বালানী ব্যবহারকারী প্রতিষ্ঠানের তিনজন প্রতিনিধি

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক জ্বালানী পরিস্থিতির পর্যালোচনা;

(২) পেট্রোলজাত দ্রব্যসহ বিভিন্ন উৎসের জ্বালানীর জন্য যথাযথ মূল্য নির্ধারণের নীতি প্রণয়ন;

(৩) বিভিন্ন উৎসের জ্বালানীর যুক্তিযুক্ত বিতরণ ও সদ্ব্যবহারের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন;

(৪) ভূতাত্ত্বিক জরীপসমূহের কর্ম সম্পাদন (পারফরমেন্স) ও ফলাফল পর্যালোচনা;

(৫) জ্বালানী ও খনিজ সম্পদ উন্নয়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ প্রকল্পের মূল্যায়ন ও বাস্তবায়ন বিষয়াদি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

(৬) জ্বালানী ও খনিজ সম্পদ সংক্রান্ত অন্যান্য বিষয়।

২। উক্ত জাতীয় পরিষদ কমপক্ষে তিন মাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে।

৩। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (প্রাকৃতিক সম্পদ উইং) উক্ত জাতীয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। পরিষদের বৈঠকের কার্যবিবরণী অনুমোদিত হইবার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয় কর্তৃক ইহার অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (অনুবিভাগ-৪) প্রেরণ করিতে হইবে।

৫। পরিষদের সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৬। মন্ত্রিপরিষদ বিভাগের নং ৪(৪)/৯২/১০৪ কমিটি, তারিখ ৬-৬-৯২ মোতাবেক গঠিত জাতীয় জ্বালানী ও খনিজ সম্পদ সংক্রান্ত জাতীয় পরিষদ বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আতাউল হক**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে অক্টোবর ১৯৯৭/১৩ই কার্তিক ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৬/৯৭/২১৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকার সংক্রান্ত প্রশাসনিক বিকেন্দ্রীকরণে সচিব কমিটির প্রস্তাবসমূহ পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন ঃ**

আহবায়ক

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(৩) মন্ত্রী,শিল্প মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(৫) মন্ত্রী,কৃষি মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৭) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২। স্থানীয় সরকার বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭শে অক্টোবর ১৯৯৭/১২ই কার্তিক ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-৬/৯৬/২১৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৭-১০-৯৬ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৬/৯৬/৬২ নম্বর প্রজ্ঞাপনে ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট সকল সরকারী অধিদপ্তর /পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থার উন্নয়ন ও সেবামূলক কাজ জনস্বার্থে সমন্বিত করিবার লক্ষ্যে গঠিত কমিটির ১(ক) অনুচ্ছেদ আংশিক সংশোধন করিয়া নিম্নলিখিতভাবে উক্ত কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

আহবায়ক

(১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**সহ-আহবায়ক**

(২) মেয়র, ঢাকা সিটি কর্পোরেশন

সদস্যবৃন্দ

(৩) জনাব হাবিবুর রহমান মোল্লা, সংসদ সদস্য, ১৮৩-ঢাকা-৪।

(৪) জনাব এ, কে,এম, রহমত উল্লাহ, সংসদ সদস্য, ১৮৪-ঢাকা-৫।

(৫) জনাব সাবের হোসেন চৌধুরী, সংসদ সদস্য, ১৮৫-ঢাকা-৬।

(৬) জনাব সাদেক হোসেন, সংসদ সদস্য, ১৮৬-ঢাকা-৭।

(৭) জনাব হাজী মোঃ সেলিম, সংসদ সদস্য, ১৮৭-ঢাকা-৮।

(৮) জনাব আলহাজ্ব মকবুল হোসেন, সংসদ সদস্য, ১৮৮-ঢাকা-৯।

(৯) ডাঃ এইচ বি এম ইকবাল, সংসদ সদস্য, ১৮৯-ঢাকা-১০।

(১০) জনাব কামাল আহমেদ মজুমদার, সংসদ সদস্য, ১৯০-ঢাকা-১১।

(১১) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।

(১২) চেয়ারম্যান, পানি উন্নয়ন বোর্ড।

(১৩) চেয়ারম্যান, টি এন্ড টি বোর্ড।

(১৪) প্রধান প্রকোশলী, গণপূর্ত অধিদপ্তর।

(১৫) চেয়ারম্যান, ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ।

(১৬) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

(১৭) চেয়ারম্যান, বি, আর, টি, এ।

(১৮) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

(১৯) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

(২০) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।

(২১) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।

(২২) জেলা প্রশাসক, ঢাকা জেলা।

(২৩) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস লিমিটেড।

(২৪) সিভিল সার্জন, ঢাকা জেলা।

২। কমিটির কার্যপরিধি ও অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ই জুলাই ১৯৯৭/২৬শে আষাঢ় ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-২০/৯৭/১৫৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল" নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ—

(ক) কাউন্সিলের গঠন ঃ

চেয়ারপার্সন

(১) প্রধানমন্ত্রী

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, বাণিজ্য এবং শিল্প মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৭) মন্ত্রী, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়

(৮) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৯) মন্ত্রী/প্রতিমন্ত্রী, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

(১০) মন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

(১১) মন্ত্রিপরিষদ সচিব

(১২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(১৩) সদস্য (কার্যক্রম ও আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(১৪) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

(১৫) রেক্টর, বিপিএটিসি, সাভার

(১৬) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

(১৭) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

(১৯) চেয়ারম্যান, এডাব

(১৯) সভাপতি, বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি

(২০) বেগম সালমা খান, মহা-পরিচালক, বিএমডিসি

সদস্য-সচিব

(২১) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

**(খ) কাউন্সিলের কার্যপরিধি ঃ**

(১) জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা, মূল্যায়ন এবং প্রয়োজনীয় সংশোধনপূর্বক যুগোপযোগী করা সম্পর্কে দিকনির্দেশনা প্রদান;

(২) প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার স্থির করা এবং প্রাধিকারের ভিত্তিতে সম্পদ বরাদ্দের দিকনির্দেশনা প্রদান;

(৩) জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উপযোগী প্রশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে দিক-নির্দেশনা প্রদান; এবং

(৪) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা মূল্যায়নের ভিত্তিতে ফলাফল ও কার্যকারিতা সম্পর্কে অবহিত হওয়া।

২। প্রয়োজনে সচিব, সংস্থাপন মন্ত্রণালয়কে সকল সভায় এবং অন্যান্য সচিবগণকে সংশ্লিষ্ট সভায় আমন্ত্রণ জানানো যাইতে পারে।

৩। সংস্থাপন মন্ত্রণালয় এই কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, ইদ্রিস আলী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ই নভেম্বর ১৯৯৭/২২শে কার্তিক ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-২৪/৯৭/২২৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বংগবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (প্রস্তাবিত)-এর বিভিন্ন আর্থিক ও প্রশাসনিক বিষয়াদি পরীক্ষা ও পর্যালোচনা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রীপরিষদ সচিব।

**সদস্যবৃন্দ**

(২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) সচিব, অর্থ বিভাগ।

(৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

(৫) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

(৬) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে নভেম্বর ১৯৯৭/১২ই অগ্রহায়ণ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১২/৯৬/২৩১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার সংশ্লিষ্ট সকল সরকারী অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থার উন্নয়ন ও সেবামূলক কাজ জনস্বার্থে সমন্বিত করিবার লক্ষ্যে গঠিত সমন্বয় কমিটি আংশিক সংশোধনপূর্বক ক্রমিক (৮)-এ উল্লিখিত 'জেনারেল ম্যানেজার, টি এন্ড টি বোর্ড', রাজশাহী-এর পরিবর্তে 'বিভাগীয় প্রকৌশলী (টেলিকম), রাজশাহী'-কে উক্ত সমন্বয় কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ নভেম্বর ১৯৯৭/১২ই অগ্রহায়ণ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৭/৯৭/২৩২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা খাতের সংগঠন ও ব্যবস্থাপনা পুনর্বিন্যাস সম্পর্কে উচ্চ পর্যায়ের কমিটি কর্তৃক পেশকৃত সুপারিশ পর্যালোচনাপূর্বক ইহার প্রশাসনিক ও রাজনৈতিক প্রতিক্রিয়া কি হইতে পারে ইহা সম্পর্কে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়।

(৩) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

(৪) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়।

(৫) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৬) প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

২। কমিটি তিন মাসের মধ্যে ইহার প্রতিবেদন প্রণয়ন করিবে।

৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির প্রতিবেদনসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ই ডিসেম্বর ১৯৯৭/২৩শে অগ্রহায়ণ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-২৬/৯৭/২৪১**—লবণের উৎপাদন, মান উন্নয়ন ও আমদানী সম্পর্কিত সমস্যাবলী নিরসনের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি স্টীয়ারিং কমিটি গঠন করিয়াছে। এই কমিটি "লবণ বিষয়ক স্টীয়ারিং কমিটি" নামে অভিহিত হইবে। কমিটির গঠন নিম্নরূপ ঃ—

(ক) কমিটির গঠন ঃ

সভাপতি

(১) মন্ত্রিপরিষদ সচিব।

সদস্যবৃন্দ

(২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(৪) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।

(৫) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৬) সচিব, খাদ্য মন্ত্রণালয়।

(৭) সচিব, শিল্প মন্ত্রণালয়।

(৮) সচিব, তথ্য মন্ত্রণালয়।

(৯) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

সদস্য-সচিব

(১০) যুগ্ম-সচিব (হাসপাতাল ও জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি লবণের উৎপাদন, পরিশোধন, মান উন্নয়ন, ঘাটতি, চোরাচালান ও আমদানী সম্পর্কিত বিভিন্ন সমস্যা লইয়া আলোচনা করিবে এবং সমাধানের উপায় খুঁজিয়া বাহির করিবে।

(২) এই কমিটি প্রতি ৬ (ছয়) মাস অন্তর একবার সভায় মিলিত হইয়া উল্লিখিত সমস্যাসমূহের সার্বিক দিক পর্যালোচনা করিবে এবং লবণ কমিটিসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে যথাবিহিত ব্যবস্থা ও কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করিবে।

৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। এই কমিটির কার্যকারিতা অবিলম্বে বলবৎ হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ই ডিসেম্বর ১৯৯৭/২৪ অগ্রহায়ণ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-২৭/৯৭/২৪২**— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আইডিএ সহায়তাপুষ্ট দ্বিতীয় সড়ক পুনর্বাসন ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের কন্ট্রাক্ট আর-১, আর-২, আর-৩, আর-৪, আর-৫ এবং ডব্লিউ-৪-এর মূল নকশা অনুযায়ী রাস্তা নির্মাণের জন্য টেন্ডার আহ্বান করা হইয়াছিল কিনা, কি কারণে ও কি প্রেক্ষিতে রাস্তার প্রস্থ বৃদ্ধির জন্য ভেরিয়েশন অর্ডার প্রদান করা হইয়াছিল এবং ভেরিয়েশন অর্ডারের আওতায় রাস্তার বর্ধিত প্রস্থ অনুযায়ী ঠিকাদার কাজ করিয়াছে কিনা ইত্যাদি বিষয় পরীক্ষা ও পর্যালোচনা করিয়া দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক কি ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে সেই সম্পর্কে সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্তভাবে একটি তদন্ত কমিটি গঠন করিয়াছে ঃ—

কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

সদস্যবৃন্দ

(২) জনাব এ বি এম সিদ্দিক, প্রধান, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(৩) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান।

(৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন যুগ্ম-সচিব।

(৫) যুগ্ম-সচিব, সড়ক ও রেলপথ বিভাগ।

সদস্য-সচিব

(৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর।

২। কমিটি এক মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৯ই ডিসেম্বর ১৯৯৭/২৫শে অগ্রহায়ণ ১৪০৪

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৪/৯৭/২৪৩**— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে প্রশিক্ষণের সার্বিক মান উন্নয়নের উদ্দেশ্যে গৃহীতব্য পদক্ষেপের সুপারিশ প্রণয়নের জন্য কমিটি গঠন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১২ই মে, ১৯৯৭/২৯শে বৈশাখ, ১৪০৪ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-১৪/৯৭/১২৮ সংখ্যক প্রজ্ঞাপনটি নিম্নরূপ আংশিক সংশোধন করিয়াছে ঃ—

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে ঃ**

(ক) মুক্তবাজার অর্থনীতির প্রচলন, প্রযুক্তির দ্রুত এবং ব্যাপক পরিবর্তন, জনগণের উন্নয়নের স্বার্থে জনপ্রশাসনকে অধিকতর স্বচ্ছ, গতিশীল ও জবাবদিহিমূলক করা এবং আগামী শতাব্দীর 'চ্যালেঞ্জ' মোকাবেলার উপযোগী প্রশিক্ষণ ব্যবস্থা চালুর উদ্দেশ্যে বিদ্যমান প্রশিক্ষণ ব্যবস্থা/পদ্ধতি পর্যালোচনা করিয়া কমিটি জনপ্রশাসনের ক্ষেত্রে একটি উপযুক্ত প্রশিক্ষণ নীতিমালা প্রণয়নের জন্য খসড়া রূপরেখা প্রণয়ন করিবে।

(খ) প্রশিক্ষণের গুণগতমান উন্নয়নের জন্য কমিটি প্রশিক্ষণের বিষয়বস্তু, প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা, প্রশিক্ষকদের প্রশিক্ষণ, প্রশিক্ষণকে অধিকতর কার্যকর ও আকর্ষণীয় করার বিষয়সহ প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য যে কোন বিষয়ের উপর সুপারিশ প্রণয়ন করিবে।

(গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানে যোগ্য কর্মকর্তাদের নিয়োগ প্রদানের বিষয়টি জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা প্রণয়নের সময় বিবেচনায় আনা যাইতে পারে।

৩। কমিটি জনপ্রশাসন প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালার খসড়া রূপরেখা আগামী ৩১শে মার্চ, ১৯৯৮-এর মধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২১শে ডিসেম্বর ১৯৯৬/৭ই পৌষ ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৯/৯৬/১২৫**— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে বিদেশী বিনিয়োগের প্রবাহ দ্রুততর করার লক্ষ্যে বিদেশী বিনিয়োগের প্রস্তাবসমূহের সরকারী অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করিবার জন্য নিম্নরূপ আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করিয়াছে ঃ

২। কমিটি গঠন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | .. | আহ্বায়ক |
| (২) | সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | .. | সদস্য |
| (৪) | প্রধানমন্ত্রীর সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | .. | সদস্য |
| (৫) | সচিব, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড | .. | সদস্য |

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি বিদেশ হইতে প্রাপ্ত বিনিয়োগ প্রস্তাবসমূহ এবং তৎসংশ্লিষ্ট চুক্তিপত্র ও সমঝোতা স্মারকাদির অনুকূলে প্রদানীয় সরকারী অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করিবে।

(২) যে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিনিয়োগ বোর্ড প্রযোজ্য আইন, বিধি বা নীতিমালার আওতায় সিদ্ধান্ত প্রদান করিতে অপারগ, সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিনিয়োগ বোর্ড এই কমিটির নিকট প্রস্তাব/বিষয় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করিবে এবং এমতক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত সরকারের সিদ্ধান্ত বলিয়া বাস্তবায়নীয় হইবে।

২। বিনিয়োগ বোর্ড এই কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ আবদুস সাত্তার**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ই ডিসেম্বর ১৯৯৬/৪ঠা পৌষ ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৬/১২৩**— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৪-১০-৯৬ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৮/৯৬-৬৭ নং প্রজ্ঞাপনে গঠিত "পার্বত্য চট্টগ্রামের বিরাজমান পরিস্থিতি নিরসনকল্পে জাতীয় কমিটি"-এর (ক) (৯) উপানুচ্ছেদে উল্লিখিত প্রাক্তন বিমান বাহিনী প্রধান জনাব এ, কে, খন্দকার ব্যক্তিগত কারণে অপারগতা প্রকাশ করায় তাঁহার পরিবর্তে "বাবু বীর বাহাদুর, সংসদ সদস্য"-কে উক্ত কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

**মুহম্মদ আবদুস সাত্তার**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯শে ডিসেম্বর ১৯৯৬/১৫ই পৌষ ১৪০৩

নং **মপবি/শাঃপঃ/কপগ-২০/৯৬/১২৭**— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'চট্টগ্রাম স্টীল মিলস লিঃ' বেসরকারীকরণের উদ্দেশ্যে রিস্ট্রাকচারিং করা অথবা রিস্ট্রাকচারিং ও বি এম আর ই করিয়া উহাকে 'ইকোনোমিক্যালি ভায়াবল' করা যায় কিনা তাহা পরীক্ষা-নিরীক্ষা করিয়া প্রতিবেদন পেশ করিবার জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ—

**কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রিপরিষদ সচিব।

সদস্যবৃন্দ

(২) সচিব, শিল্প মন্ত্রণালয়।

(২) সচিব, অর্থ বিভাগ।

(৪) চেয়ারম্যান, প্রাইভেটাইজেশন বোর্ড।

২। কমিটি এক মাসের মধ্যে প্রতিবেদন পেশ করিবে।

৩। শিল্প মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ আবদুস সাত্তার**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ মার্চ ১৯৯৬/২১ ফাল্গুন ১৪০২

নং **মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৫-৭ (১০০)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে "জাতীয় প্রাথমিক ও গণশিক্ষা পরিষদ" গঠন করিয়াছে ঃ—

(ক) **পরিষদের গঠন ঃ**

সভাপতি

(১) মাননীয় প্রধানমন্ত্রী

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(৭) মন্ত্রী/প্রতিমন্ত্রী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৮) মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৯) মন্ত্রী/প্রতিমন্ত্রী সমাজকল্যাণ মন্ত্রণালয়

(১০) মন্ত্রী/প্রতিমন্ত্রী পরিকল্পনা মন্ত্রণালয়

(১১) মন্ত্রিপরিষদ সচিব

(১২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

(১৩) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(১৪) সদস্য (আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(১৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(১৬) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(১৭) সচিব, অর্থ বিভাগ

(১৮) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(১৯) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(২০) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(২১) সচিব, পরিসংখ্যান বিভাগ

(২২) সচিব, তথ্য মন্ত্রণালয়

(২৩) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(২৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(২৫) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(২৬-৩২) ৭ (সাত) জন সংসদ সদস্য/সদস্যা (প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হইবেন)

(৩৩) জনাব মোঃ আজিজুল হক, সাবেক উপদেষ্টা

(৩৪) জনাব এস, এম, আল হোসাইনী, চেয়ারম্যান, স্বনির্ভর বাংলাদেশ

(৩৫) ডঃ আবদুল্লাহ আলমুতী শরফুদ্দিন, পরিচালক, গণসাক্ষরতা অভিযান

(৩৬) জনাব আকবর কবির, চেয়ারম্যান, পল্লী প্রগতি সহায়ক সমিতি, কমরপুর, কোতয়ালী, ফরিদপুর

(৩৭) মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

(৩৮) মহা-পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর।

(খ) **পরিষদের কার্যপরিধি ঃ**

(১) প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ক্ষেত্রে নীতিমালা প্রণয়নের কাজে পরামর্শ প্রদান।

(২) প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষার লক্ষ্যমাত্রা, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল সম্পর্কে দিক নির্দেশনা প্রদান।

(গ) পরিষদ বৎসরে দুইবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে বৈঠকে মিলিত হইবে।

(ঘ) প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এই পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৪ চৈত্র ১৪০২/৭ এপ্রিল ১৯৯৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত উপদেষ্টা পরিষদ কমিটি/ পরিষদসমূহ পুনর্গঠন করিয়াছে ঃ—

(ক) সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি;

(খ) অর্থ ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি;

(গ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এন ই সি);

(ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);

(ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি।

২। উপরি-উক্ত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের গঠন,সহায়তাদানকারী কর্মকর্তাগণ, কমিটির কার্য-পরিধি (টার্মস অব রেফারেন্সে) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট-'ক' হইতে 'ঙ'- তে প্রদত্ত হইল।

৩। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের বৈঠকের কার্য-বিবরণী অনুমোদিত হইবার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইহার অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (অনুবিভাগ-৪) প্রেরণ করিতে হইবে।

৪। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদ সভায় পেশ করিবার প্রয়োজন, তাহা উপদেষ্টা পরিষদ সভায় পেশ করিতে হইবে। উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে প্রধান উপদেষ্টার অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি/পরিষদ বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আইয়ুবুর রহমান
মন্ত্রিপরিষদ সচিব।

পরিশিষ্ট 'ক'

## সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

(ক) কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) উপদেষ্টা, শিল্প, বাণিজ্য , পাট এবং বস্ত্র মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক এবং স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা, অর্থ এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

(৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৩) সচিব, অর্থ বিভাগ।

(৪) সচিব, বাস্তবায়ন,পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(৫) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য।

(৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/আধা-সরকারী সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।

(২) পরামর্শক সার্ভির্স (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।

(৩) উপরে (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্ধের) পুনঃ দরপত্র আহবান-এর পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা।

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বায়ক পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

(ঘ) কমিটির বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট 'খ'

## অর্থ ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

(ক) কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) উপদেষ্টা, অর্থ এবং পরিকল্পনা মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা, শিল্প, বাণিজ্য, পাট এবং বস্ত্র মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা, কৃষি, খাদ্য, মৎস্য ও পশু সম্পদ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং ভূমি মন্ত্রণালয়।

(৫) উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(৬) উপদেষ্টা, যোগাযোগ, নৌ-পরিবহণ, বেসামারিক বিমান পরিবহণ ও পর্যটন, ডাক ও টেলিযোগাযোগ এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

(৭) উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ এবং পানি সম্পদ মন্ত্রণালয়।

(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।

(৩) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক।

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।

(৬) সচিব, অর্থ বিভাগ।

(৭) সচিব, শিল্প মন্ত্রণালয়।

(৮) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।

(৯) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য।

(১০) সংশ্লিষ্ট সচিব।

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন।

(২) উপদেষ্টা সভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন ঃ

(ক) বাণিজ্য নীতি (আমদানী নীতি, রপ্তানী নীতি প্রভৃতিসহ)।

(খ) শিল্প নীতি।

(গ) বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী।

(৩) ব্যাংক, বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

(৪) পাবলিক ও প্রাইভেট সেক্টরে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও মজুরী সংক্রান্ত বিষয়াদি।

(৫) বিভিন্ন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য ভর্তুকি সংক্রান্ত বিষয়াদি।

(ঘ) উপদেষ্ট পরিষদ কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষন করিবে।

পরিশিষ্ট-'গ'

## জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)

**(ক) পরিষদের গঠন ঃ**

**সভাপতি**

(১) প্রধান উপদেষ্টা

**সদস্য**

(২) উপদেষ্টা পরিষদের সদস্যগণ

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ

(৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(৪) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

**(গ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপণের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;

(২) পরিকল্পনা, কর্মসূচী এবং কর্মপন্থার চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;

(৩) উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ; এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

(ঘ) পরিষদের বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ পরিষদের সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট-'ঘ'

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

**(ক) কমিটি গঠন ঃ**

**চেয়ারম্যান**

(১) প্রধান উপদেষ্টা

**বিকল্প চেয়ারম্যান**

(২) উপদেষ্টা, আইন, বিচার ও সংসদ বিষয়ক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(৩) উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা, শিল্প, বাণিজ্য, পাট এবং বস্ত্র মন্ত্রণালয়।

(৫) উপদেষ্টা, কৃষি, খাদ্য, মৎস্য ও পশু সম্পদ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং ভূমি মন্ত্রণালয়।

(৬) উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়।

(৭) উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ এবং পানি সম্পদ মন্ত্রণালয়।

(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা।

(খ) **নির্বাহী কমিটির সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়

(৩) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

(৪) সদস্য (সাধারণ অর্থনীতি), পরিকল্পনা কমিশন

(৫) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন

(৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৭) সচিব, অর্থ বিভাগ

(৮) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৯) সচিব, পরিকল্পনা বিভাগ

(১০) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) **নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের প্রকল্প সারপত্র বিবেচনা ও অনুমোদন।

(২) পুরাতন পদ্ধতি অনুসারে প্রক্রিয়াকৃত (পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত) ৫ (পাঁচ) কোটি টাকার ঊর্ধ্বে ব্যয় সম্বলিত উন্নয়ন প্রকল্পসমূহ বিবেচনা ও অনুমোদন।

(৩) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

(৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণে বিনিয়োগ কোম্পানীসমূহের প্রস্তাব বিবেচনা।

(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কার্যসম্পাদন (Performance) ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা।

(৬) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ উহাদের আর্থিক ফলাফল বিবেচনা।

(৭) সরকারী সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্যের মূল্য ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট, ফিস ইত্যাদি বিবেচনা।

(৮) বৈদেশিক সাহায্য, বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানী বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রাসমূহের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট-'ঙ'

## আইন-শৃংখলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি

(ক) কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) উপদেষ্টা,আইন, বিচার ও সংসদ বিষয়ক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৩) উপদেষ্টা, শিক্ষা , যুব ও ক্রীড়া এবং সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়।

(৪) উপদেষ্টা, কৃষি, খাদ্য, মৎস্য ও পশু সম্পদ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং ভূমি মন্ত্রণালয়।

(৫) উপদেষ্টা, যোগাযোগ, নৌ-পরিবহণ, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন, ডাক ও টেলিযোগাযোগ এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

(৬) উপদেষ্টা, শ্রম ও জনশক্তি, সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(৪) সচিব, তথ্য মন্ত্রণালয়।

(৫) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(৬) মহা-পরিচালক, বাংলাদেশ রাইফেলস্।

(৭) মহা-পরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা।

(৮) মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

(৯) মহা-পরিচালক, এন এস আই।

(১০) মহা-পরিচালক, আনসার ও ভিডিপি।

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।

(২) যেই কারণে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটিতে পারে সেই কারণগুলি পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এইগুলি দুরীকরণকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(৩) হরতাল, ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এইগুলির ফলে জনজীবনে দুর্যোগ ও অচল অবস্থা সৃষ্টি হয় তাহা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিগুলির করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান।

(৪) উপরিউক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ চৈত্র ১৪০২/৯ এপ্রিল ১৯৯৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৪শে চৈত্র, ১৪০২ বাং/৭ই এপ্রিল, ১৯৯৬ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের পরিশিষ্ট-ঙ "আইন-শৃংখলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি"-এর কার্যপরিধি নিম্নরূপ সংশোধন করিয়াছে ঃ—

ক্রমিক নং ৫ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ

"অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উর্দ্ধতন পুলিশ কর্মকর্তাগণের কার্যকলাপ পর্যালোচনা করিয়া প্রয়োজনীয় ক্ষেত্রে রদবদলের প্রস্তাব অনুমোদন এবং মাঠ পর্যায়ে পুলিশ প্রশাসন সংক্রান্ত বিষয়ে প্রধান উপদেষ্টার বিবেচনার জন্য সুপারিশ প্রণয়ন।"

২। ক্রমিক নং ৬ "সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. ইদ্রিস আলী**
যুগ্ম- সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ চৈত্র ১৪০২/৮ এপ্রিল ১৯৯৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১৫**—অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে তিন সদস্য বিশিষ্ট প্রশাসন বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) প্রফেসর মুহাম্মদ ইউনুস, উপদেষ্টা,বিজ্ঞান ও প্রযুক্তি, প্রাথমিক ও গণশিক্ষা এবং পরিবেশে ও বন মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) জনাব শেগুপতা বখ্ত চৌধুরী, উপদেষ্টা, শিল্প, বাণিজ্য, পাট এবং বস্ত্র মন্ত্রণালয়।

(৩) জনাব এ, জেড, এম নাসির উদ্দীন, উপদেষ্টা, কৃষি, খাদ্য, মৎস্য ও পশু সম্পদ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং ভূমি মন্ত্রণালয়।

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তা ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

(৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সরকারের উচ্চ পর্যায়ের পদে এবং বিভাগীয় প্রধান/স্বায়ত্তশাসিত সংস্থার প্রধান/পরিচালনা পরিষদের সদস্য/পরিচালক পদে নিয়োগের প্রস্তাব বিবেচনা এবং প্রধান উপদেষ্টার নিকট সুপারিশ পেশ করা;

(২) সরকারের উচ্চ পর্যায়ে চুক্তিভিত্তিক নিয়োগসমূহ পর্যালোচনা এবং চুক্তিভিত্তিক নিয়োগ প্রস্তাব বিষয়ে প্রধান উপদেষ্টার নিকট সুপারিশ পেশ করা;

(৩) জেলা প্রশাসক পদে নিয়োগের জন্য যোগ্যতা তালিকা (Fit list) প্রণয়ন ও মাঠ পর্যায়ে নিয়োগের নীতিমালা বিষয়ে দিক-নির্দেশনা প্রদান এবং জেলা প্রশাসক পদে পদায়নের প্রধান উপদেষ্টার বিবেচনার জন্য সুপারিশ প্রণয়ন।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজন অনুসারে অনুষ্ঠিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮ চৈত্র ১৪০২/১১ এপ্রিল ১৯৯৬

**নং মপবি/শাঃপঃ/কগপ-১/৯৬/১৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন' পুনর্গঠন করিয়াছে ঃ—

(ক) **কমিটির গঠন ঃ**

**চেয়ারম্যান**

(১) প্রধান উপদেষ্টা

**ভাইস-চেয়ারম্যান**

(২) উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

**সদস্য**

(৩) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ

**সদস্য-সচিব**

(৪) সচিব, পরিকল্পনা বিভাগ

(খ) **দায়িত্বাবলী ঃ**

(১) রুলস্ অব বিজনেস, ১৯৭৫ (হালনাগাদ সংশোধনীসহ), সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলী;

(২) বাংলাদেশ পরিকল্পনা কমিশন চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত ইহার বর্ধিত সভায় নিম্নলিখিত কার্যাবলীও সম্পন্ন হইবে ঃ

(২.১) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা চূড়ান্তকরণ।

(২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনা চূড়ান্তকরণ।

(২.৩) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা।

(২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলী ।

(২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলী সম্পর্কে আন্তঃ মন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।

(গ) **নিম্নলিখিত কর্মকর্তাগণকে পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হইবে ঃ**

(১) সচিব,অর্থ বিভাগ।

(২) সচিব,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (অসবি)।

(৩) সচিব, পরিসংখ্যান বিভাগ।

(৪) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(৫) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ বৈশাখ ১৪০৩/২১ এপ্রিল ১৯৯৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/২৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ২৪শে চৈত্র, ১৪০২ বাং/৭ই এপ্রিল, ১৯৯৬ ইং তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের পরিশিষ্ট-'ঙ' "আইনশৃংখলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি"-এর কার্যপরিধি নিম্নরূপ সংশোধন করিয়াছে ঃ—

ক্রমিক নং ৬ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ

"সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে উক্ত কমিটি জাতীয় সম্প্রচার নীতিমালা পর্যালোচনা ও এতদ্‌বিষয়ে সুপারিশ প্রণয়ন করিবে।"

২। ক্রমিক-৭ "সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম ইদ্রিস আলী**
যুগ্ম-সচিব।